

১. 'পাছে লোকে কিছু বলে' কবিতায় ব্যথা প্রশমিতে পারে কোনটি?
২. 'পাছে লোকে কিছু বলে' কবিতায় সংশয়ে কী টলে?
৩. 'পাছে লোকে কিছু বলে' কবিতায় বিধাতা দিয়েছেন কী?
৪. 'পাছে লোকে কিছু বলে' কবিতায় ভীতির কবলে কী মরে?
৫. 'পাছে লোকে কিছু বলে' কবিতায় কবি কেমন থাকার কথা বলেছেন?
৬. 'সংশয়' অর্থ কী?
৭. 'পাছে লোকে কিছু বলে' কবিতাটি পাঠ করে শিক্ষার্থীদের মন থেকে কী দূর হবে?
৮. কোনো কাজ করতে গিয়ে কেউ কেউ অনেক সময় কী হয়?
৯. সমাজে অবদান রাখতে চাইলে কী করা যাবে না?
১০. 'পাছে লোকে কিছু বলে' কোন ধরনের রচনা?
১১. বরিশালের বাসগা গ্রামের সাথে কবি কামিনী রায়ের সম্পর্ক কীভাবে?
১২. হৃদয় থেকে জেগে ওঠা ভাবনা হৃদয়েই মিশে যায় কেন?
১৩. কবি কামিনী রায় নিজের আঁখিকে শুষ্ক রাখে কীভাবে?
১৪. কবি কামিনী রায় কেন নির্মল আঁখিকে শুষ্ক রাখে?
১৫. কবি কামিনী রায় আর্তকে দেখেও কেন অবহেলা করে চলে যান?

সৃজনশীল:

চৈতি খুব ভালো উপস্থাপনা করতে পারে। তার উচ্চারণ শুদ্ধ, কণ্ঠের স্কেলও চমৎকার ওঠানামা করে। বিভিন্ন অনুষ্ঠানের উপস্থাপনা দেখে সে অনেক কৌশল আয়ত্ত্ব করেছে। সে যখন কোনো অনুষ্ঠানে উপস্থাপনা করে, দর্শক মুগ্ধ হয়ে তা শোনে। কিন্তু চৈতির মনে সব সময় একটি সংশয় কাজ করে। সে মনে করে তার হয়তো বলার ধরনটা ভালো হয়নি। দর্শকদের কারো মুখে হাসির ভাব থাকলে সে ভাবে তার হয়তো ভুল হয়েছে। নয়তো উপস্থাপনা ভালো হচ্ছে না। তার মনে সব সময় এরূপ একটি দ্বিধা-দ্বন্দ্ব থেকেই যায়। এজন্য সে অনেক অনুষ্ঠানে উপস্থাপনার সুযোগ পেয়েও হাতছাড়া করে। তার এই হতাশার কারণে সুস্থ সাংস্কৃতিক বিকাশে তার প্রতিভা অন্ধকারেই রয়ে যাচ্ছে।

- ক) 'পাছে লোকে কিছু বলে' কবিতাটির কবির নাম কী?
- খ) কাদের সংকল্প অনেক সময় স্থির থাকে না, কেন? বুঝিয়ে লেখ।
- গ) উদ্দীপকের মতো তোমার কোনো বন্ধুর মধ্যে এ সমস্যাটি আছে কি না? ব্যাখ্যা কর।
- ঘ) প্রতিভা বিকাশে সংশয়কে কীভাবে উত্তরণ করা যায়? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।